


## আইইডিসিআর পরিচালিত কোভিড-১৯ সার্ভিলেন্স হতে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ (জানুয়ারী ২০২৩- মে ২০২৫) ও করণীয়

আইইডিসিআর পরিচালিত কোভিড-১৯ সার্ভিলেন্স হতে প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে, গত ১ মাসে (মে ২০২৫) কোভিড-১৯ সংক্রমণের হার বৃদ্ধি পেয়েছে। আইইডিসিআর পরিচালিত ন্যাশনাল ইনফ্লুয়েন্জা সার্ভিলেন্স, বাংলাদেশ ও আইইডিসিআর পিএইচওসি এর মাধ্যমে গত মে ২০২৫ মাসে ১৪০৯ জন সম্ভাব্য কোভিড-১৯ রোগীর নমুনা পরীক্ষা করে ১৩৪ জন (৯.৫১%) রোগীর কোভিড-১৯ সনাক্ত হয়, যা জানুয়ারী ২০২৩ হতে মে ২০২৫ পর্যন্ত সর্বোচ্চ হার। এছাড়া ২০২৩ সালের মে মাস হতে আগস্ট পর্যন্ত এবং ২০২৪ সালের জানুয়ারী মাস হতে আগস্ট পর্যন্ত কোভিড-১৯ সংক্রমণের হার ১.৫% এর বেশী ছিল। মে-জুন '২৫ মাসের প্রাপ্ত কোভিড-১৯ পজিটিভ নমুনার জিনোম সিকুয়েন্সিং তথ্য বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে, বাংলাদেশে আগে থেকে বিদ্যমান Omicron BA 2.86; Omicron JN.1 এর নতুন সাব-ভেরিয়েন্ট XFG, XFC সনাক্ত হয়েছে।



### করণীয়:

- ❖ ঘন ঘন হাত পরিষ্কার করুন (সাবান পানি অথবা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে)।
- ❖ কাশি শিষ্টাচার মেনে চলুন। হাঁচি-কাশি দেয়ার সময় টিস্যু দিয়ে বা বাহুর ভাজে নাক-মুখ ঢেকে রাখুন, সাথে সাথে ঢাকনা যুক্ত পাত্রে টিস্যু ফেলে দিন এবং হাত পরিষ্কার করে ফেলুন।
- ❖ আপনার যদি জ্বর/ কাশি/শ্বাসকষ্ট থাকে তবে সুস্থ ব্যক্তিদের কাছ থেকে দূরে থাকুন।
- ❖ যথাসম্ভব জনসমাগম এড়িয়ে চলুন।
- ❖ প্রয়োজনে মাস্ক ব্যবহার করুন।

